



## গোলাম রাব্বানীকে সাদিক কায়েমের পুরনো টেক্সট ভাইরাল



সংগৃহীত ছবি

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম রাব্বানীকে দেওয়া ডাকসুর বর্তমান ডিপি সাদিক কায়েমের পুরনো একটি টেক্সট মেসেজের স্ক্রিনশট সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে।

স্ক্রিনশটে দেখা গেছে, ২০১৮ সালের ১ আগস্ট সাদিক কায়েম 'আসসালামু আলাইকুম ভাই' লিখে গোলাম রাব্বানীর সঙ্গে যোগাযোগ করেন। ৩ আগস্ট রাতে আবারও সালাম পাঠান এবং নিজেকে বিশ্ববিদ্যালয়ের ছোট ভাই হিসেবে পরিচয় দেন। ৩১ আগস্টে পুনরায় সালাম পাঠিয়ে এবার হলের ছোট ভাই পরিচয়ও দেন তিনি। এসব টেক্সটের কোনো উত্তর দেননি গোলাম রাব্বানী।

ভাইরাল পোস্টের কমেণ্টে গোলাম রাব্বানী লিখেছেন, 'যেহেতু আমার বিশ্ববিদ্যালয় ও হলের ছোট ভাই হিসেবে পরিচয় দিয়েছে, ফাঙে রাখা ৩ লাখ টাকাও খরচ করুক। আমি আর কোনো দাবী রাখলাম না।'

স্ক্রিনশটটি পোস্ট করেছেন জুলাই অভ্যুত্থানের নেতা ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক আবদুল কাদের। তিনি লিখেছেন, 'জীবনে মানুষকে ইগনোর করবেন না। আজকে কোথায় গোলাম রাব্বানী আর কোথায় সাদিক কায়েম। রাব্বানীর কাছে বারবার পাত্তা না পাওয়া সাদিক ভাই আজ জননন্দিত ছাত্রনেতা। দুনিয়ার মানুষ তাকে চেনে, আর পাত্তা না দেওয়া রাব্বানীকে মানুষ নিন্দা করছে। এখন শিক্ষা নিন, মানুষকে গুরুত্ব দিন।'

তিনি আরও যোগ করেছেন, 'যারা অন্যের কাছে পাত্তা না পেয়ে হতাশ বা হাল ছেড়ে দিচ্ছেন, তাদের জন্যও সাদিক ভাই একটি উজ্জ্বল উদাহরণ হতে পারেন।'